দৈনিক
ইনকিলাব

তারিখ 18 FEB 2013
পৃষ্ঠা ৭ কলাম ২

শিগগিরই অভিজ্ঞতা গণনা নয় চাকরি জাতীয়করণ করুন

— শিক্ষক সমিতি

স্টাফ রিপোর্টার : স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানে যোগদানের তারিখ থেকে শিক্ষকদের অভিজ্ঞতা গণনা করা অন্যায় চাকরি জাতীয়করণের দাবি জানিয়েছে বাংলাদেশ শিক্ষক সমিতি। শিগগিরই সরকারের পক্ষ থেকে এ ধরনের ঘোষণা না আসলে কঠোর আন্দোলন ও অর্থসংগ্রহ ঘোষণা করা হবে বলে সংগঠনটির পক্ষ থেকে জানানো হয়। গতকাল (রোববার) এক বিবৃতিতে বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি নজরুল ইসলাম বুলবুল বলেন, বেসরকারী শিক্ষক কর্মচারীদের চাকরি জীবনের অভিজ্ঞতা এমপিও ভুক্তি থেকে হিসাব করা হয় বলে শিক্ষক সমাজে চরম ক্ষোভ ও অসন্তোষ বিরাজ করছে। শিক্ষক কর্মচারীগণ যথাযথ নিয়োগ বিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে চাকরি লাভ করলেও নিয়ম মাফিক এমপিও ভুক্তি হতে ৫/১০ বছর সময় লেগে যায়। এতে তাদের জীবনের একটি বড় অংশ অভিজ্ঞতার বাহিরে থেকে যায়। ফলে দেশের সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে সহকারী প্রধান শিক্ষক, প্রধান শিক্ষক ও অধ্যক্ষ নিয়োগে প্রশাসনিক জটিলতা বিরাজ করছে। ভেঙে পড়েছে শিক্ষা কার্যক্রম। তাই শিক্ষকদের চাকরি জীবনের অভিজ্ঞতা তাদের স্বীকৃত প্রাপ্ত প্রতিষ্ঠানে যোগদানের তারিখ থেকে অভিজ্ঞতা গণনা করে প্রজ্ঞাপন জারি করার দাবি জানান তিনি।